গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন-৪ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.০৮৪.১১.০০১.২৪ (অংশ-১)-১৫০

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ / ০৩ মার্চ ২০২৬

# নিয়োগপত্র

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বর্হিভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)", মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১,০০০/-২৬,৫৯০/- (গ্রেড-১৩) বেতনক্রমে **"সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর"** পদে নিম্নলিখিত প্রার্থীদের মেধাক্রম অনুসারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| নং | অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে মেধাক্রম | রোল | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ১ম | ১২০০৩০৯৪ | নামঃ মো: আল মারুফ<br>পিতার নামঃ মো: ইদ্রিস আলী<br>মাতার নামঃ জাকিয়া আক্তার | গ্রাম: চরপাড়াতলা,<br>ডাকঘর: তালতলা বাজার (২৩২৬),<br>উপজেলা:পাকুন্দিয়া,<br>জেলা: কিশোরগঞ্জ। | গ্রাম: চরপাড়াতলা,<br>ডাকঘর: তালতলা বাজার (২৩২৬),<br>উপজেলা:পাকুন্দিয়া,<br>জেলা: কিশোরগঞ্জ। |
| ২ | ২য় | ১২০০৪৪৮৬ | নামঃ সজীব চন্দ্র দাস<br>পিতার নামঃ প্রমোদ চন্দ্র দাস<br>মাতার নামঃ ছায়া রানী দাস | গ্রাম: শ্রীমন্তপুর,<br>ডাকঘর: মোহনগঞ্জ-(২৪৪৬),<br>উপজেলা: মোহনগঞ্জ,<br>জেলা: নেত্রকোনা। | গ্রাম: শ্রীমন্তপুর,<br>ডাকঘর: মোহনগঞ্জ-(২৪৪৬),<br>উপজেলা: মোহনগঞ্জ,<br>জেলা: নেত্রকোনা। |
| ৩ | ৩য় | ১২০০১৩৪৭ | নামঃ সুরাইয়া আক্তার<br>পিতার নামঃ আলাউদ্দিন হাওলাদার<br>মাতার নামঃ নাছিমা বেগম | গ্রাম: বাহেরচর ক্ষুদ্রকাঠী,<br>ডাকঘর: বাহেরচর ক্ষুদ্রকাঠী (৮২১০),<br>থানা: বাবুগঞ্জ,<br>জেলা: বরিশাল। | গ্রাম: বাহেরচর ক্ষুদ্রকাঠী,<br>ডাকঘর: বাহেরচর ক্ষুদ্রকাঠী (৮২১০),<br>থানা: বাবুগঞ্জ,<br>জেলা: বরিশাল। |
| ৪ | ৪র্থ | ১২০০২০২৮ | নামঃ মো: সুজন মিয়া<br>পিতার নামঃ মো: মতিউর রহমান<br>মাতার নামঃ হোসনা আক্তার | গ্রাম: কান্দাইল,<br>ডাকঘর: জয়কা,<br>উপজেলা: করিমগঞ্জ,<br>জেলা: কিশোরগঞ্জ। | গ্রাম: কান্দাইল,<br>ডাকঘর: জয়কা,<br>উপজেলা: করিমগঞ্জ,<br>জেলা: কিশোরগঞ্জ। |
| ৫ | ৫ম | ১২০০০৬৫৫ | নামঃ রোখসানা পারভীন<br>পিতার নামঃ মো: আব্দুল মান্নান<br>মাতার নামঃ রোকেয়া পারভীন | গ্রাম: ধরগাঁও,<br>ডাকঘর: ধরগাঁও,<br>উপজেলা: নান্দাইল,<br>জেলা: ময়মনসিংহ। | গ্রাম: ধরগাঁও,<br>ডাকঘর: ধরগাঁও,<br>উপজেলা: নান্দাইল,<br>জেলা: ময়মনসিংহ। |

০২। **শর্তাবলি :**

ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

খ) চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকুরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন এবং প্রদত্ত কাগজ/সনদপত্রে কোনরূপ অসংলগ্নতা পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ-১৮/০৯/২০১৮ খ্রি. তারিখ মোতাবেক চাকুরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার কর্তৃক মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) দাখিল করতে হবে;

ঘ) এ নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে এবং পুলিশ ভেরিফিকেশন ফরম-এর সাথে সংযুক্তি হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি মেয়র কর্তৃক নাগরিক সনদপত্র ও সর্বশেষ অধ্যয়নকৃত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে। চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;

ঙ) নিয়োগবিধির শর্তানুসারে যোগদানকৃত প্রার্থীগণ ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে তাকে কোন কারণ দর্শানো ছাড়াই চাকুরি থেকে অপসারণ করা হবে;

চ) চাকুরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

ছ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না";

জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (অর্থ বিভাগ কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

ঝ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

ঞ) যোগদানকৃত প্রার্থীদের চাকুরি প্রচলিত নিয়ম-নীতি এবং সংশ্লিষ্ট পদের নিয়োগবিধি অনুযায়ী পরিচালিত হবে;

ট) চাকুরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান অথবা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

ঠ) এ অফিস আদেশে সুনিদিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

ড) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;

ঢ) উপরিউক্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে **"সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর"** পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে **আগামী ১৫ মার্চ ২০২৬ তারিখ, সকাল ১০.০০ ঘটিকায় অর্থ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১)** বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩/০৩/২৬

(মোঃ আবু ওয়াদুদ)
উপসচিব
অর্থ বিভাগ।
ফোন: ০২-৫৫১০১৩১৮

নং-০৭.০০.০০০০.০৮৪.১১.০০১.২৪ (অংশ-১)-১৫০

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ / ০৩ মার্চ ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)।

০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)।

০৪। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ (যুগ্মসচিবের সদয় অবগতির জন্য)।

০৫। উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রার্থীদের নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।

০৬। সিভিল সার্জন (সংশ্লিষ্ট জেলা)।

০৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯। জনাব........................................................................................................(নিয়োগপ্রাপ্ত প্রার্থী)।

১০। অফিস কপি।

০৬/০৩/২৫

(মোঃ আবু ওয়াদুদ)
উপসচিব